দৈনিক জনকণ্ঠ

তারিখ JUL 6 1999
পৃষ্ঠা ৪ কলাম ৫

187

# প্রভাষক পদে নিয়োগ পেতে ব্যর্থ হয়ে কলেজে ভাংচুর

ফরিদপুর, ৫ জুলাই, নিজস্ব সংবাদদাতা ॥ নিয়োগ প্রাপ্তিতে ব্যর্থ হয়ে এক প্রভাষক প্রার্থীর নেতৃত্বে কামারখালী বীরশ্রেষ্ঠ আবদুর রউফ ডিগ্রী কলেজে ব্যাপক ভাংচুর হয়েছে। ক্ষয়ক্ষতির পরিমাণ ৩ লক্ষাধিক টাকা বলে জানা গেছে।

জানা গেছে, মধুখালী থানার কামারখালী বীরশ্রেষ্ঠ আবদুর রউফ ডিগ্রী কলেজে সম্প্রতি ইসলামের ইতিহাস বিভাগে এক প্রভাষক নিয়োগের পরীক্ষা হয়। এ প্রভাষক পদে প্রার্থী ছিলেন কলেজ সংলগ্ন এক প্রভাবশালী যুবক। গত ৩ জুলাই এ পদে জনৈক মহিলাকে নিয়োগ দেয়া হলে প্রভাবশালী যুবকটি ক্ষুব্ধ হয়। গত রবিবার সকাল সাড়ে ১১টার দিকে নিয়োগ প্রাপ্তিতে ব্যর্থ যুবকের নেতৃত্বে ২৫/৩০ যুবক কলেজ অধ্যক্ষের কক্ষ, শিক্ষক মিলনায়তন ও অফিস কক্ষে হামলা চালিয়ে ব্যাপক ভাংচুর করে।